রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ৪৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৬, ২০২৩

## সূচীপত্র

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮২৫—৮৩৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪২৩—১৪৫৪ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১২৪৫—১২৯১ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪১ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |

## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জাতীয় রাজস্ব বোর্ড
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭, আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ/০২ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩৮/২০২৩/কাস্টমস/৪৭৬—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স স্কাইলাক্স ডিউটি ফ্রি শপ নামীয় শুল্ক মুক্ত বিপনী (বন্ড লাইসেন্স নং-৭৬৭/কাস-পিবিডব্লিউএসবিডব্লিউ/২০১২, তারিখ: ২৫-০১-২০২২ খ্রিঃ) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য নিম্নরুপ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করিল, যথা:

| ক্রমিক নং | আমদানিকৃত পণ্য | ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ২,০০,০০০.০০ |
| ২. | লিকার ও অন্যান্য ড্রিংকস | ৯৫,০০০.০০ |
| ৩. | কসমেটিক/টয়লেট্রিজ ও পারফিউম সামগ্রী | ২৫,০০০.০০ |
| ৪. | কনফেকশনারী | ১০,০০০.০০ |
| | সর্বমোট | ৩,৩০,০০০.০০ (তিন লক্ষ ত্রিশ হাজার) |

মুহাঃ মাহবুবুর রহমান
প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

### প্রজ্ঞাপন

তারিখ: ১৯, আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ/০৪ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৪০/২০২৩/কাস্টমস/৪৭৮—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বেসরকারি (প্রাইভেট) প্রেমিজেসটি কাস্টম হাউজ, চট্টগ্রাম হতে ১ কিলোমিটার (প্রায়) দূরে বন্দর সংরক্ষিত এলাকায় অবস্থিত মেসার্স সীওয়েজ বন্ডেড ওয়্যার হাউস লিমিটেড (বন্ড লাইসেন্স নং-৪৯/৮৯ (HB301SB04987), তারিখ: ২৬-০৮-১৯৮৯ খ্রিঃ) নামীয় Ship Stores & Crew Bonded Warehouse (Duty Free Shop) প্রতিষ্ঠানের অনুকূলে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান নির্ধারণ করিল, যথা:

| ক্রমিক নং | আমদানিকৃত পণ্য | ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | প্রভিশন ও ফুড, বন্ডেড, ষ্টোর (Provision & Food, Bonded Stores) | ০.০০ |
| ২. | এ্যালকোহলিক বেভারেজ (ওয়াইন, ভোদকা, হুইস্কি এবং বিয়ার) | ০.০০ |
| ৩. | Consignment Stock Basis পণ্য (লুব্রিকেন্টস, লুব্রিকেটিং অয়েল, পেইন্ট থিনার ও ভার্নিশ ইত্যাদি শীপ স্টোরস পণ্য) | ৮,০০,০০০.০০ |
| সর্বমোট | | ৮,০০,০০০.০০ (আট লক্ষ মার্কিন ডলার) |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মুহাঃ মাহবুবুর রহমান**
প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

### অর্থ মন্ত্রণালয়
### অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
### কর-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১ আশ্বিন ১৪৩০/১৬ সেপ্টেম্বর ২০২৩

নং ০৮.০০.০০০০.০৩৭.৬৫.০৫০.২৩.৪২৬—মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন ভেটেরিনারি সার্জন পদ হতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কর অঞ্চল-১, চট্টগ্রামের "সহকারী কর কমিশনার" পদে কর্মরত সাহেদ আহমদ তাপাদার (২০০৭২৩) এর চাকরির ধারাবাহিকতা রক্ষা এবং বেতন সংরক্ষণের বিষয়ে বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খন্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০(বি) অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকুরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে পূর্বতন চাকরির (১৪ ফেব্রুয়ারি ২০২১ হতে ০৩ ডিসেম্বর ২০২২) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো:

**শর্তসমূহ**

(১) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(২) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুসরাত জাহান নিসু**
সিনিয়র সহকারী সচিব।

---

### আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
### আইন ও বিচার বিভাগ
### বিচার শাখা-৬

### আদেশাবলী

তারিখ: ১৭ আশ্বিন ১৪৩০/০২ অক্টোবর ২০২৩

নং আর-৬/৭এন-৬৭/২০২৩-৪০৮—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব জর্জ চৌধুরী, পিতা-মৃত মতিলাল চৌধুরী, মাতা-সর্বানী চৌধুরী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :—

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫ (২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরনী (রির্টান) সরকারের নিকট পেশ করিবেন।

নং আর-৬/৭এন-৬৯/২০২৩-৪১০—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে বরগুনা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব উম্মে সালমা খান, পিতা-মৃত এ্যাড, জয়নাল আবেদীন খান মাতা-বেগম রোকেয়া আবেদীন খান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :—

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫ (২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরনী (রির্টান) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ আশ্বিন ১৪৩০/০৫ অক্টোবর ২০২৩

নং **৫৯.০০.০০০০.১১৭.২৭.০২৩.১৯-২১৭**—যেহেতু ডাঃ মাফরোজা পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সদরপুর, ফরিদপুর এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয় যে, তিনি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সদরপুর, ফরিদপুরে ০৫-০৭-২০১৭ তারিখে যোগদানের পর থেকে মাঝে মধ্যে কর্মস্থলে আসেন। তিনি গত ১২-১১-২০১৭ খ্রিঃ থেকে ১৬-১১-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) দিনের নৈমিত্তিক ছুটির আবেদন রেখে কর্মস্থল ত্যাগ করেন এবং তার বিরুদ্ধে মামলা রুজু হওয়া অবধি (১৭-০৬-২০১৯) পর্যন্ত বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তার অনুমোদিত অনুপস্থিতে মা ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম দারুনভাবে ব্যহত হওয়ায় এবং বিভাগীয় ভাবমর্তি ক্ষুন্ন হওয়ায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক আনীত প্রস্তাবের ভিত্তিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) মোতাবেক 'অসদাচরণ' এবং 'পলায়ন' এর অভিযোগ আনয়নক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-২৩/১৯ রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১৭-০৬-২০১৯ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩২.১৭-(অংশ-১) নং স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি এবং ব্যক্তিগত শুনানিতেও অংশগ্রহণ করেননি। মামলায় ধারাবাহিকতায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩ (খ) মোতাবেক "অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপের প্রস্তাব করে গত ৩১-০১-২০২১ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২৩.১৯-২৩৭ নং স্মারকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৭(৯) মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

৪। যেহেতু ডাঃ মাফরোজা পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সদরপুর, ফরিদপুর ০৮-০২-২০২২ তারিখে ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং উক্ত জবাব, নথিপত্র এবং সাক্ষ্য প্রমাণ পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে এর বিরুদ্ধে আনীত 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

৫। সেহেতু, ডাঃ মাফরোজা পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সদরপুর, ফরিদপুরকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'- এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুযায়ী 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিত করণ' দণ্ড প্রদান করা হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: আজিজুর রহমান**
সচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২০ ভাদ্র ১৪৩০/০৪ সেপ্টেম্বর ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩৭.২০২০-৩৮৭**— যেহেতু, জনাব মোহাম্মদ মোস্তফা কামাল (বিপি-৭৬০৬১১৯০২১), অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে মে ২০১৫ হতে এপ্রিল ২০১৯ পর্যন্ত র‍্যাব-৪, ঢাকায় কর্মকালে তার মালিকানাধীন মাছের খামারে বিনিয়োগ করার জন্য তার পরিচিত জনাব মোঃ কবির হোসেন (৩৯), পিতা- মোঃ জয়দল হোসেন মোল্লা, সাং-চরডাঙ্গা, থানা-হাইমচর, জেলা-চাঁদপুরকে প্রলুব্ধ করলে তার সাথে যৌথভাবে মাছের ব্যবসা করতে আগ্রহী হন এবং তাকে (অভিযুক্তকে) ০১ (এক) কোটি টাকার একটি চেক প্রদান করেন কিন্তু কবির হোসেনের ব্যাংকে পর্যাপ্ত টাকা না থাকায় তিনি (অভিযুক্ত) তাকে (অভিযোগকারী) ব্যাংক থেকে ঋণ গ্রহনের পরামর্শ দিয়ে ঋণ পেতে সাহায্যে করে থাকেন। ঋণ পাওয়ার পর অভিযোগকারী তাকে বিভিন্ন সময়ে ৭০ লক্ষ টাকা প্রদান করেন। তিনি নিজেও স্বীকার করেছেন যে, অভিযোগকারীর নিকট হতে বিভিন্ন সময়ে ৬৯ (উনসত্তর) লক্ষ ৬০ (ষাট) হাজার ৮৮৪ (আটশত চুরাশি) টাকা গ্রহণ করেন। জনাব মোহাম্মদ মোস্তফা কামাল অভিযোগকারীর পাওনা ৭০ লক্ষ টাকা অব্যাহত চাপের কারণে সোনালী ব্যাংক, মিরপুর শাখায় তাঁর হিসাব নম্বর ১৬৩০৩০১০১৮২৫১ হতে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার ৪ (চার) টি চেক প্রদান করেন। কিন্তু তার উক্ত হিসাব নম্বরে পর্যাপ্ত টাকা না থাকায় চেকগলো ডিজঅনার হয়। এ বিষয়ে জনাব মোঃ কবির হোসেন বিজ্ঞ মহানগর দায়রা জজ আদালতে ঢাকায় মামলা নং-৯৩৪৬/১৯, ৯৩৪৭/১৯ এবং ৯৩৪৮/১৯ দায়ের করেন। এছাড়া জনাব মোঃ কবির হোসেন কর্তৃক ২০১৬ সালে র‍্যাংগস মটরস হতে মাসিক কিস্তিতে ক্রয়কৃত একটি পিকআপ গাড়ী (যার রেজিস্ট্রিশন নং ঢাকা মেট্রো-ন-১৩-২১৩৩) ক্রয় করেন যা তিনি মাছ ব্যবসার কাজে

ব্যবহার করেন। উল্লেখিত গাড়ীর বিপরীতে প্রতি মাসের মাসিক কিস্তি চুক্তি মোতাবেক পরিশোধের কথা থাকলেও জনাব মোহাম্মদ মোস্তফা কামাল শুরুতে কয়েকটি কিস্তি পরিশোধ করে বর্তমানে আর কোন কিস্তি পরিশোধ করেননি। এছাড়াও তিনি কিস্তি পরিশোধ না করায় ব্যাংক হতে দুইজনের নামে নোটিশ প্রদান করা হয়। এ অবস্থায় কবির হোসেন তার গাড়ীটি ফেরত চাইলে তিনি তাকে নানা ধরনের ভয়ভীতি ও হুমকি প্রদর্শন করেন। তিনি মাছ ব্যবসার কথা বলে জনাব এ.কে.এম আমজাদ হোসেন শিশিরসহ মোট ৩ (তিন) জনের নিকট থেকে মোট ২৩ (তেইশ লক্ষ) ৭০ (সত্তর হাজার) টাকা গ্রহণ করেছেন। তিনি র‍্যাব-৪ ঢাকা হিসেবে কর্মকালে বশির আহমেদ ও ৯ জন অংশীদারসহ সুজা উদ্দিনের ভাই ইসলাম উদ্দিন এবং তার ৪ বোনের অংশ হিসেবে উক্ত জমি হতে ৬০ কাটা জমি বায়না দলিল করেন। তার অবৈধভাবে দখলে থাকা জমি বশির আহমেদ বায়না গ্রহণ করায় প্রতিহিংসার বশবর্তী হয়ে তিনি 'ঘরে ফেরা' মাদকাসক্ত পুনবার্সন কেন্দ্রে স্বশরীরে উপস্থিত হয়ে বশির আহমেদকে উক্ত পুনবার্সন কেন্দ্রে ভর্তির জন্য জনাব মোঃ আমির হোসেন আমু, ব্যবস্থাপনা পরিচালক-কে অনুরোধ করেন। তিনি র‍্যাব-৪ মিরপুর, ঢাকায় কর্মকালে যথাযথ কর্তৃপক্ষের বৈধ আদেশ ব্যতিরেকে জমি সংক্রান্ত ব্যবসায় সম্পৃক্ত হন এবং কোনো প্রকার দলিলপত্রাদি ছাড়াই অন্যের জমি অবৈধভাবে নিজের দখলে রাখেন। উল্লিখিত অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে ০৮-০৩-২০২১ তারিখ ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩৭.২০২০-৬৭ নম্বর স্মারকমূলে তার নিকট অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। তৎপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ২০-০৪-২০২১ তারিখ কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং ২২-০৬-২০২২ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানিতে পক্ষগণের প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি বিবেচনা করে অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য জনাব শরিফ উদ্দিন আহমেদ, বিপিএম, পিপিএম (বিপি-৭৫০৫১০৩৩৩০), পুলিশ সুপার, এন্টি টেররিজম ইউনিট, ঢাকা-কে ২২-০৯-২০২২ উক্ত বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ১০-১০-২০২৩ তারিখের তার তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে জনাব মোহাম্মদ মোস্তফা কামাল (বিপি-৭৬০৬১১৯০২১), অতিরিক্ত পুলিশ সুপার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩(ঘ) অনুযায়ী "অসদাচরণ' ও "দুর্নীতি" এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত কর্মকর্তা এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেন। সার্বিক পর্যালোচনায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় গুরুদণ্ড আরোপের সম্ভবনা থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) বিধি অনুসারে তাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ২য় কারণ দর্শানোর জবাব প্রদান করেন। অভিযুক্ত কর্মকর্তার জবাব সন্তোষজনক প্রতীমান হয়নি; এবং

যেহেতু, জনাব মোহাম্মদ মোস্তফা কামাল (বিপি-৭৬০৬১১৯০২১), অতিরিক্ত পুলিশ সুপার, সাময়িকভাবে বরখাস্তকৃত ইতঃপূর্বে অতিরিক্ত পুলিশ সুপার, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, শেরপুর এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৪ এর উপ-বিধি ২(ঘ) মোতাবেক আগামী ০২ (দুই) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" এর লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০৪ আশ্বিন ১৪৩০/১৯ সেপ্টেম্বর ২০২৩

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৯২.২০২২-৪০৩—যেহেতু, জনাব মোঃ সেলিম হোসেন (বিপি-৬৭৯৩০৬২৫১৬), পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা ইতঃপূর্বে অফিসার ইনচার্জ, গাবতলী মডেল থানা, বগুড়া জেলায় কর্মকালে গত ২০-০৭-২০১৯ তারিখে ছোটন মিয়াকে মাদক সেবন করে মাতলামি করার কারণে এবং গত ২৬-০৬-২০১৯ তারিখে মোঃ রঞ্জু আকন্দ, রিমন ফকির ও শফিকুল ইসলামকে গাঁজা খাওয়ার অপরাধে আটক পূর্বক থানায় নিয়ে আসেন এবং পরবর্তীতে তাদের মুচলেকা নিয়ে ছেড়ে দেওয়া বা তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে তা জিডি বা অন্য কোন রেজিস্টারে উল্লেখ না করার অভিযোগে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক "তিরস্কার" দণ্ড প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ১৯-০৬-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দন্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপীল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়নি মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বনের নির্দেশ দিয়ে জনাব মোঃ সেলিম হোসেন (বিপি-৬৭৯৩০৬২৫১৬), পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক প্রদত্ত "তিরস্কার" দন্ডাদেশ সার্বিক পর্যালোচনা মওকুফ করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ**
সিনিয়র সচিব।

---

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০/২৫ সেপ্টেম্বর ২০২৩

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১২৬১—গাজীপুর জেলার গাছা থানার মামলা নং-১১, তারিখ: ০৯-০৯-২০২১ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী ২০১২)} ও {(সংশোধনী ২০১৩)}-এর ৬(২)(ই) (ঈ)/৮/৯/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী ২০১২)} ও {(সংশোধনী ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১২৬২—কিশোরগঞ্জ জেলার সদর মডেল থানার মামলা নং-২৩, তারিখ: ১২-০৩-২০২২ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী ২০১২)} ও {(সংশোধনী ২০১৩)}-এর /৮/৯(৩)/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী ২০১২)} ও {(সংশোধনী ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১২৬৩—ঢাকা জেলার বিমানবন্দর থানার মামলা নং-০৪(০৯)২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী ২০১২)} ও {(সংশোধনী ২০১৩)}-এর ৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী ২০১২)} ও {(সংশোধনী ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১২৬৪—রাজশাহী জেলার বোয়ালিয়া মডেল থানার মামলা নং-২৭, তারিখ: ১৩-১২-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী ২০১২)} ও {(সংশোধনী ২০১৩)}-এর ১০/১৩ সহ দন্ডবিধি ১৮৬০ এর ১৪৩/৩৩২/৩৫৩/৩৪ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী ২০১২)} ও {(সংশোধনী ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১২৬৫—বাগেরহাট জেলার মোল্লারহাট থানার মামলা নং-১২, তারিখ: ১৬-০২-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে জব্দকৃত প্রাপ্ত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী ২০১২)} ও {(সংশোধনী ২০১৩)}-এর ৮/৯(৩)/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী ২০১২)} ও {(সংশোধনী ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১২৬৬—সিএমপি কোতোয়ালী থানার মামলা নং-৩৭, তারিখ: ২৩-০২-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী ২০১২)} ও {(সংশোধনী ২০১৩)}-এর /৮/৯(৩)/১১/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী ২০১২)} ও {(সংশোধনী ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১২৬৭—চট্টগ্রাম জেলার হাটহাজারী মডেল থানার মামলা নং-৩৮, তারিখ: ২৪-০৮-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী ২০১২)} ও {(সংশোধনী ২০১৩)}-এর ৬(২)(ই) (ঈ)/৮/৯/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী ২০১২)} ও {(সংশোধনী ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশাফুর রহমান**
উপসচিব।

---

জাতীয় রাজস্ব বোর্ড
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ/০৮ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৪০/২০২৩/কাস্টমস/৪৮৭।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স র‌্যাংগস ইলেকট্রনিক্স লি: (বন্ড লাইসেন্স নং-৮৫৭/কাস/এসবিডব্লিউ/২০১৩, তারিখ ১১-০৪-২০১৩ খ্রি:) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিল, যথা:

| ক্র: নং | আমদানিকৃত পণ্য | ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য সুপারিশ (মা. ডলার) |
|---|---|---|
| ১। | লিকার ও অন্যান্য ড্রিংকস | ৩৫,০০০.০০ |
| ২। | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৬০,০০০.০০ |
| ৩। | কসমেটিক্স, কনফেকশনারী পারফিউম ও টয়লেট্রিজ | ৮,০০০.০০ |
| | | ১,০৩,০০০ (এক লক্ষ তিন হাজার মার্কিন ডলার) |

**মুহা: মাহবুবুর রহমান**
প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭

আদেশাবলি

তারিখ : ২৪ আশ্বিন ১৪৩০/০৯ অক্টোবর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.১০০.৮৭-৩৪৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব আবদুল জাব্বার, জন্মতারিখ : ০১-০৪-১৯৮৫ খ্রি., পিতা-ফজলুর রহমান, মাতা-জামিনা বেগম, গ্রাম-মালেক মাস্টার পাড়া, ওয়ার্ড নং-০৬, ডাকঘর- গোমতি, উপজেলা-মাটিরাঙ্গা, জেলা-খাগড়াছড়ি পার্বত্য জেলা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে খাগড়াছড়ি পার্বত্য জেলার মাটিরাঙ্গা উপজেলার ০৪ নং গোমতি ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২।এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩।সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্বিধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৩১.০০-৩৫০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোহাম্মদ এরশাদ উল্লাহ মোল্লা, জন্মতারিখ : ০১-০৩-১৯৮৩ খ্রি., পিতা-মোহাম্মদ মহি উদ্দিন মোল্লা, মাতা-আয়শা বেগম, গ্রাম-শিদলাই, ওয়ার্ড নং-০৭, ডাকঘর-শিদলাই, উপজেলা-ব্রাহ্মণপাড়া, জেলা-কুমিল্লা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলার ০২নং শিদলাই ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্বিধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৮৪.০৪-৩৫১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব ছাব্বির আহমেদ, জন্মতারিখ : ০১-০১-১৯৯৪ খ্রি., পিতা-আমিনুল, মাতা-শামসুন নাহার, গ্রাম-টংগের আলগা, ওয়ার্ড নং-০৯, ডাকঘর-মোশারফগঞ্জ, উপজেলা-ইসলামপুর, জেলা-জামালপুর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে জামালপুর জেলার ইসলামপুর পৌরসভার ০৯ নং জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্বিধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৭৩.৭৫(১/১)-৩৫২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ মামুন-উর-রশিদ, জন্মতারিখ : ২৮-১২-১৯৯১ খ্রি., পিতা- মোঃ আলমগীর, মাতা-নুরজাহান বেগম, গ্রাম-মহেশপুর, ওয়ার্ড নং-০১, ডাকঘর-মমিনপুর, উপজেলা-রংপুর সদর, জেলা-রংপুর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রংপুর জেলার রংপুর সদর উপজেলার ০১ নং মমিনপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্বিধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

বিচার শাখা-৬

আদেশাবলি

তারিখ : ১৭ আশ্বিন, ১৪৩০/০২ অক্টোবর, ২০২৩

নং **আর-৬/৭এন-৬৫/২০২৩-৪০৯**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঠাকুরগাঁও জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ রবিউল ইসলাম, পিতা-মৃত জবায়দুর রহমান, মাতা-জবেদা খাতুন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১৮ আশ্বিন, ১৪৩০/০৩ অক্টোবর, ২০২৩

নং **আর-৬/৭এন-৬১/২০২৩-৪১১**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব হাফিজা বেগম, পিতা-মৃত আফজাল হোসেন, মাতা-মাহমুদা হোসেন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটরীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-২

প্রজ্ঞাপন

তারিখ : ২০ আশ্বিন ১৪৩০/০৫ অক্টোবর ২০২৩

নং **২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৪৪.৮৭.৫৬৯**—'বাংলাদেশ ফটোগ্রাফিক এসোসিয়েশন' সংগঠনটি বাণিজ্য মন্ত্রণালয়ের টিও লাইসেন্সপ্রাপ্ত একটি বাণিজ্য সংগঠন; যার লাইসেন্স নং-১৩/১৯৮৫ তারিখ : ১২-০৯-১৯৮৫;

যেহেতু, টিও লাইসেন্স প্রাপ্তির পর থেকে বাণিজ্য সংগঠনটি লাইসেন্সের বিধি-বিধান পালন করতে ব্যর্থ হয়েছে;

যেহেতু, বাণিজ্য সংগঠনটির কোনো অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধি নেই;

যেহেতু, বাণিজ্য সংগঠনটির কার্যক্রম অনুমোদিত সংঘস্মারক বা সংঘবিধি বিহীনভাবে বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪-এর বিধিবিধান লঙ্ঘন করে চলছে;

যেহেতু, বাণিজ্য সংগঠনটি অডিট রিপোর্ট, আয়-ব্যয়ের হিসাব এবং ব্যালেন্সসীট নিয়মিতভাবে দাখিল করেনি;

যেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালনে ব্যর্থ হয়েছে;

যেহেতু, লাইসেন্স বাতিল কেন করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হলে এ বিষয়ে কোনো যুক্তিগ্রাহ্য জবাব প্রদান না করে জবাব দাখিলের জন্য আরও সময় প্রার্থনা করা হয়েছে;

যেহেতু, সর্বপ্রথম বাংলাদেশ স্টুডিও মালিক সমিতি-এর নিবন্ধনকালীন ৩০-১১-১৯৮৫ দাখিলকৃত কমিটি ব্যতীত পরবর্তী কোনো কার্যনির্বাহী কমিটির তালিকা আরজেএসসি-তে অনুমোদিত হয়নি; এবং

যেহেতু, নাম পরিবর্তনের পরবর্তীতে সংঘস্মারক বা সংঘবিধি পরিবর্তন এবং সত্যায়নের জন্য দাখিল না করায় আরজেএসসিতে ২০১৬ সালের পর থেকে সংগঠনের পক্ষ থেকে ত্রুটিপূর্ণভাবে দাখিলকৃত কোনো রিপোর্ট-রিটার্ন অনুমোদিত হয়নি;

সেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ধারা ৫ এর (ক) এবং (ঘ) এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ১১ (১) বিধির আওতায় 'বাংলাদেশ ফটোগ্রাফিক এসোসিয়েশন'-এর অনুকূলে ১২-০৯-১৯৮৫ তারিখে প্রদত্ত লাইসেন্স নম্বর ১৩/১৯৮৫ এতদ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মালেকা খায়রুন্নেছা**
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২০ আশ্বিন ১৪৩০/০৫ অক্টোবর ২০২৩

নং **২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৩২.৯৮.৫৭১**—'বাংলাদেশ মটর সাইকেল ডিলার্স এসোসিয়েশন' সংগঠনটি বাণিজ্য মন্ত্রণালয়ের টিও লাইসেন্সপ্রাপ্ত একটি বাণিজ্য সংগঠন; যার লাইসেন্স নং-৩১/২০০২ তারিখ : ২৭-১০-২০০২;

যেহেতু, বাণিজ্য সংগঠনটি বাণিজ্য মন্ত্রণালয়ের প্রেরিত পত্রাদির জবাব দেয়নি;

যেহেতু, টিও লাইসেন্স প্রাপ্তির পর থেকে বাণিজ্য সংগঠনটি লাইসেন্সের বিধি-বিধান পালন করতে ব্যর্থ হয়েছে;

যেহেতু, বাণিজ্য সংগঠনের নির্বাচন সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট নথিতে পাওয়া যায়নি;

যেহেতু, বাণিজ্য সংগঠনটি বার্ষিক সভার কার্যবিবরণীতে উত্থাপিত বার্ষিক প্রতিবেদন দাখিল করতে ব্যর্থ হয়েছে;

যেহেতু, বাণিজ্য সংগঠনটি অডিট রিপোর্ট, আয়-ব্যয়ের হিসাব এবং ব্যালেন্সসীট নিয়মিতভাবে দাখিল করেনি;

যেহেতু, বাণিজ্য সংগঠনটি বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালনে ব্যর্থ হয়েছে;

যেহেতু, লাইসেন্স বাতিল কেন করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়েছে এবং নির্ধারিত সময় অতিক্রান্ত হবার পরও জবাব পাওয়া যায়নি; এবং

যেহেতু, ০৩-১১-২০০২ তারিখে আরজেএসসি-তে নিবন্ধন পরবর্তী কোন রিটার্ন পরিদপ্তরে দাখিল করা হয়নি।

সেহেতু, 'বাংলাদেশ মটর সাইকেল ডিলার্স এসোসিয়েশন'-এর অনুকূলে লাইসেন্স মঞ্জুরের পর থেকে সংগঠনটি সম্পূর্ণ অকার্যকর অবস্থায় রয়েছে বিধায় বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ধারা ৫ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ১১ (১) বিধির আওতায় 'বাংলাদেশ মটর সাইকেল ডিলার্স এসোসিয়েশন'-এর অনুকূলে ২৭-১০-২০০২ তারিখে প্রদত্ত লাইসেন্স নম্বর ৩১/২০০২ এতদ্বারা বাতিল করা হলো।

নং ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৩৫.৯৯.৫৭৩—'বাংলাদেশ সাইজিং মিলস্ এসোসিয়েশন' সংগঠনটি বাণিজ্য মন্ত্রণালয়ের টিও লাইসেন্সপ্রাপ্ত একটি বাণিজ্য সংগঠন; যার লাইসেন্স নং-১০/২০০২ তারিখ : ২১-০৫-২০০২;

যেহেতু, বাণিজ্য সংগঠনটি বাণিজ্য মন্ত্রণালয়ের প্রেরিত পত্রাদির জবাব দেয়নি;

যেহেতু, টিও লাইসেন্স প্রাপ্তির পর থেকে বাণিজ্য সংগঠনটি লাইসেন্সের বিধি-বিধান পালন করতে ব্যর্থ হয়েছে;

যেহেতু, বাণিজ্য সংগঠনের নির্বাচন সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট নথিতে পাওয়া যায়নি;

যেহেতু, বাণিজ্য সংগঠনটি বার্ষিক সভার কার্যবিবরণীতে উত্থাপিত বার্ষিক প্রতিবেদন দাখিল করতে ব্যর্থ হয়েছে;

যেহেতু, বাণিজ্য সংগঠনটি অডিট রিপোর্ট, আয়-ব্যয়ের হিসাব এবং ব্যালেন্সসীট নিয়মিতভাবে দাখিল করেনি;

যেহেতু, বাণিজ্য সংগঠনটি বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালনে ব্যর্থ হয়েছে;

যেহেতু, লাইসেন্স বাতিল কেন করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ এবং তাগিদপত্র প্রেরণ করা হয়েছে এবং নির্ধারিত সময় অতিক্রান্ত হবার পরও জবাব পাওয়া যায়নি; এবং

যেহেতু, ০৮-০৬-২০০২ তারিখে আরজেএসসি-তে নিবন্ধন পরবর্তী কোনো রিটার্ন পরিদপ্তরে দাখিল করা হয়নি।

সেহেতু, 'বাংলাদেশ সাইজিং মিলস্ এসোসিয়েশন'-এর অনুকূলে লাইসেন্স মঞ্জুরের পর থেকে সংগঠনটি সম্পূর্ণ অকার্যকর অবস্থায় রয়েছে বিধায় বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ধারা ৫ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ১১ (১) বিধির আওতায় 'বাংলাদেশ সাইজিং মিলস্ এসোসিয়েশন'-এর অনুকূলে ২১-০৫-২০০২ তারিখে প্রদত্ত লাইসেন্স নম্বর ১০/২০০২ এতদ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মালেকা খায়রুন্নেছা**
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)।

---

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**বিজ্ঞপ্তি**

তারিখ : 26 JUL-23

নং **আরজেএসসি/ডি, এন/16351**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, EDGE AND TRACK INTERNATIONAL LIMITED [C-68520] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**Md Rokib Ahmad Rony**
Assistant Registrar
নিবন্ধকের পক্ষে।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০৬ কার্তিক ১৪৩০/২২ অক্টোবর ২০২৩

নং ১০.০০.০০০০.১৩১.১১.০৫৬.১১(১)-৩৬৫—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ মাহমুদুল হক, জন্ম তারিখ: ০১-০২-১৯৮২ খ্রি., পিতা: মোঃ আবদুর রশিদ, মাতা: আনোয়ারা বেগম, গ্রাম: বমুর কুল, ওয়ার্ড নং-০৬, ডাকাঘর: লামা উপজেলা-চকরিয়া, জেলা: কক্সবাজার। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার ০৪ নং বমু-বিলছড়ি ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ২৬ আশ্বিন ১৪৩০/১১ অক্টোবর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০১৮.০২(১)-৩৫৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে

(জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম, জন্ম তারিখ : ০১-০৪-১৯৯৫ খ্রি. পিতা-মোহাম্মদ সাইফুল ইসলাম, মাতা-খুরশীদা বেগম, বাসা-বাচ্চু সওদাগরের বাড়ি, পশ্চিম গোসাইলডাঙ্গা, ওয়ার্ড নং-৩৬ নং গোসাইলডাঙ্গা ডাকঘর-বন্দর-৪১০০, থানা-বন্দর, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/ স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

**[ একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে ]**
**সুরক্ষা সেবা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**মাদক-১ শাখা**

**অফিস আদেশ**

তারিখ : ০৮ আষাঢ়, ১৪৩০/২২ জুন, ২০২৩

নং **৫৮.০০.০০০০.০৬১.০০১.০০২.১৪(অংশ)-৫৮**—বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের গত ০১-০৬-২০২৩ তারিখ ৮০.০০.০০০০.১০৬.৯৯.০০২.২৩-১৩৪ সংখ্যক স্মারকমূলে সুপারিশকৃত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিম্নবর্ণিত দ্বিতীয় শ্রেণির গেজেটেড পদে পরিদর্শকগণের জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১১তম (১২৫০০-৩০২৩০/) হতে গ্রেড-১০ম (১৬০০০—৩৮৬৪০/) নির্দেশক্রমে উন্নীতকরণ করা হলো :

| ক্রম | জ্যেষ্ঠতা তালিকার ক্রমিক নম্বর | নাম ও পরিচিতি নম্বর | পদের নাম |
|---|---|---|---|
| ০১। | ২ | মোঃ আবু জাফর (২৩০৯০) | পরিদর্শক |
| ০২। | ৩ | বেগম শাহীন পারভীন (২৩০৯২) | পরিদর্শক |
| ০৩। | ৪ | মোঃ মোফাজ্জল হোসেন (২৩১০০) | পরিদর্শক |
| ০৪। | ৫ | মোঃ আজিজুল ইসলাম (২৩০৮৯) | পরিদর্শক |
| ০৫। | ৬ | মোঃ তাজুল ইসলাম (২৩১০৮) | পরিদর্শক |
| ০৬। | ৭ | বিমল চন্দ্র বিশ্বাস (২৩০৯৩) | পরিদর্শক |
| ০৭। | ৮ | মোছাঃ উম্মে কুলসুম (২৩১১৫) | পরিদর্শক |
| ০৮। | ১০ | মোঃ তমিজ উদ্দিন মৃধা (২৩১১৪) | পরিদর্শক |
| ০৯। | ১১ | মোহাম্মদ খায়রুল আলম (২৩১১৭) | পরিদর্শক |
| ১০। | ১২ | শেখ মোস্তাফিজুর রহমান (২৩১০৯) | পরিদর্শক |
| ১১। | ১৩ | খন্দকার ইকবাল হোসেন (২৩১১০) | পরিদর্শক |
| ১২। | ১৪ | মোঃ ফজলুল হক খান (২৩১০৬) | পরিদর্শক |
| ১৩। | ১৫ | কাজী হাবিবুর রহমান (২৩১১১) | পরিদর্শক |
| ১৪। | ১৬ | রাজু আহমেদ চৌধুরী (২৩১০৭) | পরিদর্শক |
| ১৫। | ২৭ | মোঃ জাহিদুল ইসলাম (৩১০৫৪) | পরিদর্শক |
| ১৬। | ২৮ | বিশ্বাস মফিজুল ইসলাম (৩১০৪৩) | পরিদর্শক |
| ১৭। | ২৯ | মোঃ মোজাফফর হোসেন শাহ (৩১০৪১) | পরিদর্শক |
| ১৮। | ৩০ | মোঃ হুমায়ুন কবির ভূঁইয়া (৩১০৪৪) | পরিদর্শক |
| ১৯। | ৩১ | মোঃ নজরুল ইসলাম (৩১০৪২) | পরিদর্শক |
| ২০। | ৩২ | তপন কান্তি শর্মা (৩১০৫৬) | পরিদর্শক |
| ২১। | ৩৩ | বেগম নুসরাত জাহান (৩১০৬৩) | পরিদর্শক |
| ২২। | ৩৬ | লোকাশীষ চাকমা (৩১০৬৪) | পরিদর্শক |
| ২৩। | ৩৭ | মোহাম্মদ আহসান হাবীব (৩১০৬৯) | পরিদর্শক |
| ২৪। | ৩৮ | মোহাম্মদ আবু রেজা মেহেদী হাসান (২৩১৪৯) | পরিদর্শক |
| ২৫। | ৪০ | মুহাম্মদ আমিনুল কবীর (২৩১৩৫) | পরিদর্শক |

| ক্রম | জ্যেষ্ঠতা তালিকার ক্রমিক নম্বর | নাম ও পরিচিতি নম্বর | পদের নাম |
|---|---|---|---|
| ২৬। | ৪১ | মোঃ আমিরুজ্জামান (২৩১৩৭) | পরিদর্শক |
| ২৭। | ৪২ | মোহাম্মদ মিজানুর রহমান (২৩১৫০) | পরিদর্শক |
| ২৮। | ৪৩ | মোঃ জাকির হোসেন (২৩১৪৬) | পরিদর্শক |
| ২৯। | ৪৫ | মোহাম্মদ ফরহাদ হোসেন (২৩১৩২) | পরিদর্শক |
| ৩০। | ৪৬ | মোঃ আসলাম আলী মন্ডল (২৩১৩৯) | পরিদর্শক |
| ৩১। | ৪৭ | মাসুদুর রহমান (২৩১৪৫) | পরিদর্শক |
| ৩২। | ৪৮ | মোহাম্মদ ইলিয়াস হোসেন তালুকদার (২৩১৩৩) | পরিদর্শক |
| ৩৩। | ৪৯ | মোঃ সাইফুল ইসলাম ভূঁঞা (২৩১৪৮) | পরিদর্শক |
| ৩৪। | ৫০ | মোহাম্মদ কামরুজ্জামান (২৩১৩৮) | পরিদর্শক |
| ৩৫। | ৫১ | মোহাম্মদ আবুল কাশেম (২৩১৪৭) | পরিদর্শক |
| ৩৬। | ৫২ | মোহাম্মদ ইব্রাহিম খান (২৩১৪১) | পরিদর্শক |
| ৩৭। | ৫৩ | আবু নায়েম মোঃ কাজী নুরন্নবী (২৩১৪৪) | পরিদর্শক |
| ৩৮। | ৫৪ | খন্দকার নাজিম উদ্দিন (২৩১৪৩) | পরিদর্শক |
| ৩৯। | ৫৫ | দেওয়ান মোহাম্মদ জিল্লুর রহমান (২৩১৩১) | পরিদর্শক |
| ৪০। | ৭৬ | মোঃ সিরাজুল ইসলাম (৩১০৯৫) | পরিদর্শক |
| ৪১। | ৭৭ | মোঃ সাইফুল আলম (৩১০৪৫) | পরিদর্শক |
| ৪২। | ৭৮ | মোঃ নাজমুল হোসেন খান (৩১০৪৬) | পরিদর্শক |
| ৪৩। | ৭৯ | তারেক মাহমুদ (৩১০৪৮) | পরিদর্শক |
| ৪৪। | ৮০ | মোঃ হোসেন মিয়া (৩১০৫০) | পরিদর্শক |
| ৪৫। | ৮১ | মোঃ গোলাম রব্বানী (৩১০৮৮) | পরিদর্শক |
| ৪৬। | ৮২ | মোঃ আনোয়ার হোসেন ভূঞা (৩১০৫২) | পরিদর্শক |
| ৪৭। | ৮৩ | আবদুল মালেক তালুকদার (৩১০৫৭) | পরিদর্শক |
| ৪৮। | ৮৪ | কাজী মোঃ কামরুজ্জামান (৩১০৫৯) | পরিদর্শক |
| ৪৯। | ৮৬ | এস, এম, জাফরুল আলম (৩১০৬২) | পরিদর্শক |
| ৫০। | ৮৮ | মোঃ আব্দুল মান্নান (৩১০৬৭) | পরিদর্শক |
| ৫১। | ৮৯ | জীবন বড়ুয়া (৩১০৭১) | পরিদর্শক |
| ৫২। | ৯০ | ফনী ভূষন রায় (৩১০২৫) | পরিদর্শক |
| ৫৩। | ৯১ | শাহরিয়া শারমিন (৩১০৭৬) | পরিদর্শক |
| ৫৪। | ৯২ | মোঃ শাহিনুল কবীর (৩১০৭৭) | পরিদর্শক |
| ৫৫। | ৯৩ | মোঃ মোজাম্মেল হক (২৯০০৭) | পরিদর্শক |
| ৫৬ | ৯৪ | মোঃ কবিরুল হাসান (২৯০০৫) | পরিদর্শক |
| ৫৭। | ৯৬ | মোঃ লায়েকউজ্জামান (৩৬০০৮) | পরিদর্শক |
| ৫৮। | ৯৮ | মুহাম্মদ সাজেদুল আলম (৩৭০১২) | পরিদর্শক |
| ৫৯। | ৯৯ | মোহাঃ আবুল হাশেম (৩৭০০৯) | পরিদর্শক |
| ৬০। | ১০১ | সবুজ চন্দ্র দেবনাথ (২৩১৫৭) | পরিদর্শক |
| ৬১। | ১০২ | বাপন সেন (২৩১৬০) | পরিদর্শক |
| ৬২। | ১০৩ | মোঃ সামসুল আলম (২৩১৬১) | পরিদর্শক |
| ৬৩। | ১০৪ | চন্দন গোপাল সুর (২৩১৬২) | পরিদর্শক |
| ৬৪। | ১০৫ | মোঃ আব্দুর রহিম (২৩১৬৩) | পরিদর্শক |
| ৬৫। | ১০৭ | মোঃ রায়হান আহমেদ খান (২৩১৬৬) | পরিদর্শক |

২। এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-১২ শাখার ১১-০৩-২০১৩ তারিখের ০৫.০০.০০০০.১৬১.১২.০৩৯.১০ (ক)-৯৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ-৫ শাখার ০৪-০৮-২০১৪ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০৬.৩৪.০৮-৩০৯ ও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন-১ অধিশাখার ২৯-০৪-২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০৩.১২-৮৫ সংখ্যক পত্রে সম্মতি এবং মন্ত্রিপরিষদ বিভাগের গত ২০-০৯-২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০২৪.১৫-২৭৪ সংখ্যক স্মারকের সুপারিশ রয়েছে।

০৩। সুরক্ষা সেবা বিভাগের ১৯-০৫-২০১৬ তারিখের ৪৪.০০.০০০০. ০২২.০০১.০০২.২০১৪-৬৬ সংখ্যক স্মারকমূলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সাংগঠনিক কাঠামোভুক্ত পরিদর্শক পদের বেতন স্কেল ২য় শ্রেণির গেজেটেড পদে (১০ম গ্রেডে) উন্নতীকরণের প্রশাসনিক মঞ্জুরি আদেশ (জি.ও) জারি করা হয় এবং উক্ত জি.ও অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৫ কর্তৃক ৩১-০৫-২০১৬ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০৬.৩৪.০৮/৩৪৪ সংখ্যক স্মারকমূলে পৃষ্ঠাঙ্কন করা হয়।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ প্রশাসনিক মঞ্জুরি আদেশ জারির তারিখ অর্থাৎ ১৯-০৫-২০১৬ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

**জান্নাতুল ফেরদৌস**
উপসচিব।

---

**[ একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে ]**

**অফিস আদেশ**

তারিখ : ০৫ শ্রাবণ, ১৪৩০/২০ জুলাই, ২০২৩

নং **৫৮.০০.০০০০.০৬১.০০১.০০২.১৪(অংশ)-৭৬**—বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১১-০৭-২০২৩ তারিখ ৮০.০০.০০০০.১০৬.৯৯.০০২.২৩-১৭৬ সংখ্যক স্মারকমূলে সুপারিশকৃত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিম্নবর্ণিত দ্বিতীয় শ্রেণির গেজেটেড পদে পরিদর্শকগণের জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১১তম (১২৫০০-৩০২৩০/) হতে গ্রেড-১০ম (১৬০০০-৩৮৬৪০/-) নির্দেশক্রমে উন্নীতকরণ করা হলো :

| ক্রম | জ্যেষ্ঠতা তালিকার ক্রমিক নম্বর | নাম ও পরিচিতি নম্বর | পদের নাম |
|---|---|---|---|
| ০১। | ১৭ | মোঃ শফিকুল ইসলাম (২৩০৯৪) | পরিদর্শক |
| ০২। | ১৮ | মোঃ আজাদুল ইসলাম ছালাম (২৩১০২) | পরিদর্শক |
| ০৩। | ১৯ | নাজমা বেগম (২৩১০৫) | পরিদর্শক |

| ক্রম | জ্যেষ্ঠতা তালিকার ক্রমিক নম্বর | নাম ও পরিচিতি নম্বর | পদের নাম |
|---|---|---|---|
| ০৪। | ২০ | এস, এম সামসুল কবীর (২৩০৯৫) | পরিদর্শক |
| ০৫। | ২১ | ধনঞ্জয় চন্দ্র দেবনাথ (২৩০৯৭) | পরিদর্শক |
| ০৬। | ২২ | মোঃ আব্দুল মান্নান (২৩০৯৮) | পরিদর্শক |
| ০৭। | ২৩ | কানিজ ফাতেমা বেগম (২৩১১২) | পরিদর্শক |
| ০৮। | ২৪ | মোঃ নিজাম উদ্দিন খান (২৩০৯৯) | পরিদর্শক |
| ০৯। | ২৬ | মোঃ হেলাল উদ্দিন ভূঁইয়া (২৩১১৬) | পরিদর্শক |
| ১০। | ৫৭ | হাওলাদার মোঃ সিরাজুল ইসলাম (৩১০৫৮) | পরিদর্শক |
| ১১। | ৫৮ | অমর কুমার সেন (৩১০৪৯) | পরিদর্শক |
| ১২। | ৫৯ | ব্রজলাল চাকমা (৩১০৫১) | পরিদর্শক |
| ১৩। | ৬০ | মোহাম্মদ ওবায়দুল কবির (৩১০৭০) | পরিদর্শক |
| ১৪। | ৬১ | মোঃ আনোয়ারুল হাবীব (৩১০৬৫) | পরিদর্শক |
| ১৫। | ৬২ | শাহজালাল খাঁন (৩১০৪৭) | পরিদর্শক |
| ১৬। | ৬৩ | ভূপতি কুমার বর্মন (৩১০৫৩) | পরিদর্শক |
| ১৭। | ৬৫ | নজীব আলী (২৯০০৮) | পরিদর্শক |
| ১৮। | ৬৬ | মোহাম্মদ খোরশেদ আলম (২৯০০৪) | পরিদর্শক |
| ১৯। | ৬৭ | লাকীয়া খানম (৩৭০০৫) | পরিদর্শক |
| ২০। | ৬৮ | মোঃ মোস্তফা জামান (৩৭০০২) | পরিদর্শক |
| ২১। | ৭০ | মিলন কুমার মুখার্জী (৩৭০০১) | পরিদর্শক |
| ২২। | ৭১ | মোহাম্মদ ইউনুস হাওলাদার (৩৭০০৬) | পরিদর্শক |
| ২৩। | ৭২ | মোঃ শাহজালাল ভূঁঞা (৩৭০১১) | পরিদর্শক |
| ২৪। | ৭৪ | আবু বকর ছিদ্দিক (২৩১৫৩) | পরিদর্শক |
| ২৫। | ৭৫ | তরুন কুমার রায় (২৩১৫৬) | পরিদর্শক |
| ২৬। | ৮৭ | মোঃ আনোয়ারুল হক (৩১০৮২) | পরিদর্শক |
| ২৭। | ১০০ | মোহাম্মদ মনিরুজ্জামান (৩৬০০৯) | পরিদর্শক |

২। এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-১২ শাখার ১১-০৩-২০১৩ তারিখের ০৫.০০.০০০০.১৬১.১২.০৩৯.১০ (ক)-৯৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ-৫ শাখার ০৪-০৮-২০১৪ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০৬.৩৪.০৮-৩০৯ ও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন-১ অধিশাখার ২৯-০৪-২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০৩.১২-৮৫ সংখ্যক পত্রে সম্মতি এবং মন্ত্রিপরিষদ বিভাগের গত ২০-০৯-২০১৫ তারিখের ০৪.০০.০০০০. ৭১১.০৬.০২৪.১৫-২৭৪ সংখ্যক স্মারকের সুপারিশ রয়েছে।

০৩। সুরক্ষা সেবা বিভাগের ১৯-০৫-২০১৬ তারিখের ৪৪.০০. ০০০০.০২২.০০১.০০২.২০১৪-৬৬ সংখ্যক স্মারকমূলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সাংগঠনিক কাঠামোভুক্ত পরিদর্শক পদের বেতন স্কেল ২য় শ্রেণির গেজেটেড পদে (১০ম গ্রেডে) উন্নতীকরণের প্রশাসনিক মঞ্জুরি আদেশ (জি.ও) জারি করা হয় এবং উক্ত জি.ও অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৫ কর্তৃক ৩১-০৫-২০১৬ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০৬.৩৪.০৮/৩৪৪ সংখ্যক স্মারকমূলে পৃষ্ঠাঙ্কন করা হয়।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ প্রশাসনিক মঞ্জুরি আদেশ জারির তারিখ অর্থাৎ ১৯-০৫-২০১৬ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জান্নাতুল ফেরদৌস
উপসচিব।